



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-বিবিধ/ ৮১১

তারিখ: ২৭/০৮/১৬

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন  
নং-২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: (ক) মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখের রায়।  
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৮৫.১২.১৬০ তারিখ: ০৯/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায়ের ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত যে সকল কলেজের গভর্নিং বডিতে মাননীয় স্থানীয় সংসদ সদস্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর ৫(১) ও ৫(২) ধারা মোতাবেক সভাপতি মনোনীত হয়েছিলেন তাঁদের সভাপতি হিসাবে মনোনয়ন বাতিল করা হয়েছে।

এমতাবস্থায়, সভাপতির উক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কর্তনকৃত অংশ বাদে ৫ (৩) ধারা মোতাবেক সভাপতি মনোনয়নের জন্য ০৩ (তিনি) জন ব্যক্তির নামের তালিকা আগামী ২৪/০৮/২০১৬ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে ঢাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

১৮৮  
২৭/০৮/২০১৬  
ড. মোঃ আশফাকুস সালেহীন  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

মেমো নং- ৮১১

তারিখ: ২৭/০৮/১৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।

১৮৮  
২৭/০৮/২০১৬  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।